গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান অধিশাখা

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর বাস্তবায়ন বিষয়ক কমিটির ২য় সভার কার্যবিবরণী ।

---

| | |
|---|---|
| সভাপতি | মো: রাশিদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৭-০৯-২০২০ খ্রি: |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য মন্ত্রণালয়ের উপসচিব ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন-কে অনুরোধ জানান।

০২। এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি দায়িত্ব পালন করছে। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ের ৪ জন কর্মকর্তাকে ৫ টি ইন্ডিকেটরের বিষয়ে সুনিদিষ্ট দায়িত্ব প্রদান করা হয়েছে। কমিটির প্রথম সভা গত ১৮-০৮-২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। তিনি উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। পর্যালোচনায় দেখা যায়, উক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করা হয়েছে। সেখানে কিছু এসডিজি সংক্রান্ত ডকুমেন্টস আপলোড করা হয়েছে। পরবর্তীতে অন্যান্য সংশ্লিষ্ট ডকুমেন্টস/দলিলাদি সংযুক্ত করা হবে। মন্ত্রণালয়ের ন্যায় আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকেও নিজ নিজ ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করার পরামর্শ প্রদান করা হয়। এর পরিপ্রেক্ষিতে শ্রম অধিদপ্তর জানান ইতোমধ্যে তাদের ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করা হয়েছে।

০৩। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯ টি টার্গেট এবং ২৩২ টি ইন্ডিকেটর রয়েছে। এসডিজি'র ১৬৯ টি টার্গেটের মধ্য থেকে ৩টি টার্গেটের (৮.৫, ৮.৭, ৮.৮) বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। এ ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের টার্গেটসমূহ অর্জনের লক্ষ্যে একটি অনুমোদিত কর্মপরিকল্পনা রয়েছে; যা এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। তিনি এসডিজি টার্গেট ও ইন্ডিকেটরসমূহ সংশ্লিষ্ট সকলের বিস্তারিতভাবে বুঝার জন্য প্রতিটি ইন্ডিকেটরের Metadata সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে উপস্থাপনার উপর বিস্তারিত আলোচনার জন্য সভাপতি সকলকে আহবান জানান। উপস্থিত সকলেই সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করেন।

০৪। ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাছে বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে ইন্ডিকেটর ৮.৫.১-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপসচিব (মজুরী বোর্ড) জনাব শাহানা জামান সভাকে জানান যে, তিনি নতুন যোগদান করায় ইন্ডিকেটর সম্পর্কে সম্পূর্ণভাবে অবহিত নন। সকল তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক এ ইন্ডিকেটর বিষয়ে সম্পূর্ণ ধারণা নিয়ে অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। ইন্ডিকেটর ৮.৭.১-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপসচিব (রপ্তানিমুখী শিল্প), জনাব মাহবুবা বিলকিস সভাকে অবহিত করেন যে, SDG action plan মন্ত্রণালয়ের ওয়েবসাইটের এসডিজি কর্ণারে আপলোড করা প্রয়োজন। প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত নং ৫ ও ৬-এর বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করা প্রয়োজন। শিশুশ্রম নিরসন বিষয়টি অনেক গুরুত্বপূর্ণ প্লাটফর্মে অন্তর্ভুক্ত আছে। তাই শিশুশ্রম নিরসন বিষয়টি সকল সেক্টরে অধিক গুরুত্ব দেওয়ার বিষয়ে সভাকে অবহিত করেন ।

০৫। শ্রম অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক, জনাব আবদুল লতিফ খান সভাকে এসডিজি টার্গেট বাস্তবায়নের ক্ষেত্রে শ্রম অধিদপ্তরের সংশ্লিষ্ট বিষয়টি সুনির্দিষ্ট করে নির্দেশনা প্রদান করা জন্য অনুরোধ করেন। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সহকারী মহাপরিদর্শক (সেফটি), জনাব শেখ আসাদুজ্জামান জানান যে, বর্তমানে ৬ সেক্টরকে শিশুশ্রম মুক্ত করা হয়েছে এবং পরিদর্শকগণ সকল সেক্টরে শিশুশ্রম নিরসনের জন্য কাজ করে যাচ্ছে।

০৬।		সভাপতি সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়ন বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনা করে রিপোর্ট রিটার্ণ এবং তথ্য উপাত্তসমূহ যথাসময়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে এসডিজি বাস্তবায়ন কমিটির একটি কর্মশালা/প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে সচিব মহোদয়ের নির্দেশনা রয়েছে। তিনি কর্মশালা সফল করতে প্রাথমিক প্রস্তুতি গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি প্রেরিত ফরমসমূহ যথাযথভাবে পূরণপূর্বক ইন্ডিকেটর ভিত্তিক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয়ের অনুরোধ জানান। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয় এর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে একটি এসডিজি কর্ণার সংযোজন এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এসডিজি-এর বাংলা অনুবাদ, SDG Tracker, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের Action Plan সহ গুরুত্বপূর্ণ ডকুমেন্টস এসডিজি কর্ণারে আপলোড করতে হবে। | কর্মসংস্থান অধিশাখা, আইসিটি সেল; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড |
| ২. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় প্রতিটি অধিদপ্তর/দপ্তর/সংস্থায় ৩ সদস্য বিশিষ্ট একটি এসডিজি বাস্তবায়ন টিম গঠন করে মন্ত্রণালয়কে অবহিত করবে; | শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড |
| ৩. | এসডিজি টার্গেটসমূহ প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্পের টার্গেটের সাথে এ্যালাইন করতে হবে। | যুগ্মসচিব (আন্তর্জাতিক সংস্থা), উপসচিব (মজুরী বোর্ড), উপসচিব (শ্রম), উপসচিব (রপ্তানীমুখী শিল্প), উপসচিব (পরিকল্পনা);<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৪. | এসডিজি টার্গেটসমূহ প্রযোজ্য ক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-তে অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | কর্মসংস্থান অধিশাখা এবং এপিএ ফোকাল পার্সন;<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৫. | চলতি মাসের শেষে এসডিজি'র মুখ্য সমন্বয়ক-এর উপস্থিতিতে একটি কর্মশালা আয়োজন করার প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | কর্মসংস্থান অধিশাখা, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ;<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৬. | টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২)-এর Metadata সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণ করতে হবে। | কর্মসংস্থান অধিশাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৭. | কমিটির পরবর্তী সভা আগামী ০৬ অক্টোবর ২০২০ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় আহবান করতে হবে। | কর্মসংস্থান শাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

০৭।	আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: রাশিদুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৫.১০.০০১.২০.৪১

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭
০৮ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর (সভার সিদ্ধান্ত অনুযায়ী আপনার দপ্তরে ৩ সদস্য বিশিষ্ট এসডিজি বাস্তবায়ন টিমের অনুলিপি প্রেরণের অনুরোধসহ)
৩) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড (সভার সিদ্ধান্ত অনুযায়ী আপনার দপ্তরে ৩ সদস্য বিশিষ্ট এসডিজি বাস্তবায়ন টিমের অনুলিপি প্রেরণের অনুরোধসহ)
৪) উপসচিব, মজুরী বোর্ড শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৫) উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৬) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) উপসচিব, সংস্থাপন-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) উপ-সচিব, রপ্তানীমুখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) উপ-প্রধান, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা (উপ-প্রধান), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০) সিনিয়র সহকারি প্রধান, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) সিনিয়র সহকারি প্রধান (অতিরিক্ত দায়িত্ব), আর্ন্তজাতিক সংস্থা শাখা-১, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এসডিজি-এর বাংলা অনুবাদ,

SDG Tracker, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের Action Plan সহ গুরুত্বপূর্ণ ডকুমেন্টস এসডিজি কর্ণারে আপলোড করার অনুরোধসহ)
১৪) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপ-সচিব